# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (৬৪) আল্লাহ্ তা’আলার নাম الْعَلِي (সমুন্নত) ও الأَعْلَى (সর্বোচ্চ) এবং এ অর্থে অন্যান্য নাম যেমন الظَّاهِر (প্রকাশমান), الْقَاهِر (পরাক্রমশালী) এবং الْمُتَعَالِي (সুউচ্চ) ইত্যাদি কোন্ জিনিষের প্রমাণ বহন করে?

উত্তরঃ আল্লাহ্ তাআ’লার নাম الْعَلِي ও الأَعْلَى ঐ সমস্ত সিফাতের প্রমাণ বহন করে, যা তা থেকে নির্গত। আর তা সকল দিক থেকেই আল্লাহ্ তা’আলা মাখলুকের উপরে হওয়ার প্রমাণ বহন করে। তিনি আরশের উপর সমুন্নত, সমস্ত মাখলুকের উপরে বিরাজমান, স্বীয় সত্বায় মাখলুক থেকে আলাদা, মাখলুকের সকল অবস্থা পর্যবেক্ষণকারী, তাদের সকল অবস্থা সম্পর্কে অবগত এবং জ্ঞানের মাধ্যমে সবকিছুকে বেষ্টন করে আছেন এবং সৃষ্টিজীবের কোন কিছুই তাঁর নিকট গোপন নয়।

অনুরূপভাবে তিনি ক্ষমতা ও প্রতিপত্তির দিক থেকে সকল মাখলুকের উপরে হওয়ার অর্থ হলঃ তাঁকে পরাজিত করার বা তাঁর উপর বিজয়লাভকারী কেউ নেই, তাঁর কোন প্রতিদ্বন্দ্বী নেই, নেই কোন বিরোধী এবং তাঁকে প্রতিহত করার মতও কেউ নেই। প্রত্যেক বস্তুই তাঁর মহত্বের সামনে মস্তক অবনতকারী, তাঁর সম্মানের সামনে সকল বস্তুই পদদলিত, তাঁর বড়ত্বের সামনে সকলেই অক্ষম ও অসহায় এবং সব কিছুই তাঁর পরিচালনা ও ক্ষমতাধীন এবং কেউ তাঁর আয়ত্তের বাইরে নয়।

তাঁর মর্যাদা অতি উঁচু হওয়ার অর্থ এই যে, সকল প্রকার পরিপূর্ণ গুণ তাঁর জন্য নির্ধারিত, সকল প্রকার দোষ ও ত্রুটি থেকে তিনি সম্পূর্ণ মুক্ত ও পবিত্র। তিনি অতি সম্মানিত, বরকতময় ও সুউচ্চ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11878

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন